# বৃত্তি কর পরিসীমা (সংশোধন ও সিদ্ধকরণ) আইন, ১৯৪৯

## ১৯৪৯-এর ৬১ নং আইন

[১লা জুন, ১৯৮৮ তারিখে যথা-বিদ্যমান]

**বৃত্তি কর পরিসীমা আইন, ১৯৪১ আরও সংশোধন করণার্থ এবং যুক্তপ্রদেশে আর্থিক অবস্থা ও সম্পত্তির উপর কোন কোন করের আরোপণ সিদ্ধকরণার্থ আইন।**

[২৬শে ডিসেম্বর, ১৯৪৯]

যেহেতু ইহা বিচারিকভাবে সিদ্ধান্তিত হইয়াছে যে যুক্তপ্রদেশ জিলা পর্ষদ্ আইন, ১৯২২-এর ১০৮ ধারার (খ) প্রকরণ অনুযায়ী আর্থিক অবস্থা ও সম্পত্তির উপর আরোপিত কর, বৃত্তি কর পরিসীমা আইন, ১৯৪১-এর ২ ধারা দ্বারা বৃত্তি, ব্যবসা, পেশা বা নিয়োজন সম্পর্কে বাৎসরিক পঞ্চাশ টাকার যে পরিসীমা বিহিত আছে, সেই পরিসীমার অধীন;

১৯২২-এর যুক্তপ্রদেশ ১০ আইন।

১৯৪১-এর ২০।

এবং যেহেতু যুক্তপ্রদেশে আর্থিক অবস্থা ও সম্পত্তির উপর পৌরসংঘ পর্ষদ্ বা জিলা পর্ষদ্ কর্তৃক আরোপিত করসমূহকে বৃত্তি কর পরিসীমা আইন, ১৯৪১-এর ২ ধারার ক্রিয়ার বহির্ভূত করিবার উদ্দেশ্যে ঐ আইন আরও সংশোধন করা এবং এই আইনের প্রারম্ভের পূর্বে কৃত ঐ করসমূহের আরোপণ সিদ্ধ করা সংগত;

অতএব এতদ্দ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

সংক্ষিপ্ত নাম।

১। এই আইন বৃত্তি কর পরিসীমা (সংশোধন ও সিদ্ধকরণ) আইন, ১৯৪৯ নামে অভিহিত হইতে পারিবে।

২। [১৯৪১-এর ২০ আইনের তফসিলের সংশোধন] পুনর্মুদ্রিত হয় নাই যেহেতু ১৯৪১-এর ২০ আইন, অভিযোজন আদেশ, ১৯৫০ দ্বারা, নিরসিত হইয়াছে।

এই আইনের প্রারম্ভের পূর্বে আর্থিক অবস্থা ও সম্পত্তির উপর করের আরোপণ সিদ্ধকরণ।

৩। তৎকালে বলবৎ অন্য কোন বিধিতে বিপরীতার্থক যাহা কিছু আছে তৎসত্ত্বেও,—

(i) এই আইনের প্রারম্ভের পূর্বে, যুক্তপ্রদেশ পৌরসংঘ আইন, ১৯১৬-র ১২৮ ধারার (১) উপধারার (ix) প্রকরণ অনুযায়ী অথবা যুক্তপ্রদেশ জিলা পর্ষদ আইন, ১৯২২-এর ১০৮ ধারার (খ) প্রকরণ অনুযায়ী, আর্থিক অবস্থা ও সম্পত্তির উপর আরোপিত কোনও কর কেবল এই হেতুতে অসিদ্ধ হয় বলিয়া বা কখনও অসিদ্ধ ছিল বলিয়া গণ্য হইবে না যে ঐ আরোপিত কর উক্ত আইন দ্বারা বিহিত বাৎসরিক পঞ্চাশ টাকার পরিসীমা অতিক্রম করিয়াছে এবং ঐরূপ কোন করের আরোপণের সিদ্ধতা সম্পর্কে কোন আদালতে আপত্তি উত্থাপন করা চলিবে না; এবং

১৯১৬-র যুক্তপ্রদেশ ২ আইন।

১৯২২-এর যুক্তপ্রদেশ ১০ আইন।

(ii) কোনও আদালত, (i) প্রকরণে উল্লিখিত করের কোন অংশ ঐ প্রকরণে উল্লিখিত পরিসীমা অতিক্রম করিয়াছে, কেবল এই হেতুতে ঐরূপ অংশের প্রত্যর্পণের জন্য কোন দাবী গ্রহণ করিবেন না, অথবা ঐ হেতুতে ঐরূপ করের কোন অংশের প্রত্যর্পণ নির্দেশ করিয়া প্রদত্ত কোন ডিক্রী বা আদেশ বলবৎ করিবেন না।

১৯৪৯-এর ১৭ অধ্যাদেশের নিরসন। ৪। বৃত্তি কর পরিসীমা (সংশোধন ও সিদ্ধকরণ) অধ্যাদেশ, ১৯৪৯ এতদ্দ্বারা নিরসিত হইল।